“শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি”

# শ্যামনগর উপজেলা পরিষদের ৩০ তম সভার কার্যবিবরণী সেপ্টেম্বর’২০২১

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ৩০.০৯.২০২১ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শ্যামনগর।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্যঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>গত সভার কার্যবিবরণী দৃঢ়করন</td><td>সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।</td><td>সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২.</td><td>আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি)</td><td colspan="2">১. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অভ্যন্তরে মেরামত এবং রং করন এবং নীচ তলায় বাংলোর অফিস কক্ষটি মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নির্বাহী অফিসারের বাসভবনের অভ্যন্তরে মেরামত, রং করন এবং নীচ তলার অফিস কক্ষটি মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করতে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন এবং এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br><br><u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অভ্যন্তরে মেরামত, রং করন এবং নীচ তলার অফিস কক্ষটি মেরামতের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা চেয়ারম্যান অফিসে বৈদ্যুতিক মেরামত এবং পানির লাইনে কিছু কাজ করা হয়েছে। যার পরিমান ৩৩০০ টাকা। উপজেলা রাজস্ব তহবিল হতে বর্নিত ব্যয় পরিশোধের জন্য সভায় মতামত প্রদান করেন।<br>সিদ্ধান্ত : বর্নিত ৩৩০০ টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, মশক নিধকের জন্য ব্যবহৃত ফগার মেশিনটির ব্যাটারী পরিবর্তনসহ সার্ভিসিং এবং মেরামত করতে ১৩,৫০০/- টাকা ব্যয় হবে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্নিত ব্যয় নির্বাহের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনা শেষে মশক নিধকের জন্য ব্যবহৃত ফগার মেশিনটির সার্ভিসিং এবং মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১৩,৫০০/- টাকা ব্যয় করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪. চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে জনগনের সুষ্ঠ চলাচলের জন্য আটুলিয়া ইউনিয়নের মহেদ্রকাটা হতে শুরু হয়ে বুড়িগোয়ালিনী ইউনিয়নের সামনে দিয়ে কলবাড়ী বাজার হয়ে মুন্সীগঞ্জ বাজার পর্যন্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এবিষয়ে আটুলিয়া এবং মুন্সীগঞ্জ ইউপি চেয়ারম্যান একমত পোষন করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলীকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।<br>৫. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আইএমইডি ও মন্ত্রণালয়ের উদ্ধর্তন কর্মকর্তার নওয়াবেকী বাজার পরিদর্শনের জন্য নওয়াবেকী বাজারের ঘাট, শেড, টয়লেট ও ড্রেন সংস্কারের প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় মতামত প্রদান করেন।<br><u>সিদ্ধান্ত</u> : বিস্তারিত আলোচনা শেষে বিধি মোতাবেক বর্নিত কাজ সমূহ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td colspan="3">১. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (৪র্থ পর্যায়ে) সক্ষমতাবৃদ্ধিমূলক উপপ্রকল্প এবং অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প প্রস্তাবনা স্থানীয় সরকার বিভাগে (ইউজিডি প্রকল্প) প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন শ্যামনগর উপজেলা পরিষদ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (৫ম পর্যায়ে) নির্বাচিত হয়েছে। ৫ম পর্যায়ে সক্ষমতাবৃদ্ধিমূলক উপ প্রকল্প এবং অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করেন।<br><br><u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (৫ম পর্যায়ে) সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্প এবং অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করা হয়।</td></tr>
<tr><td>৪.</td><td>বিভিন্ন ইউনিয়নের গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত।</td><td colspan="3">১. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর বিধিমালা ২০১৭ এর বিধি ৮ এর (১) অনুযায়ী গঠিত গ্রাম পুলিশ নিয়োগ বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্নিত ইউনিয়ন সমূহে গ্রাম পুলিশ নিয়োগের জন্য সুপারিশ পাওয়া গেছে।<br><table><tr><th>ক্রঃ নং</th><th>প্রাথীর নাম ও ঠিকানা</th><th>ইউনিয়ন</th></tr><tr><td>১.</td><td>জনাব নুরুজ্জামান, পিতা- মুজিবার রহমান, মাতা- নুর নাহার খাতুন, গ্রাম- রুদ্রপুর, পোঃ- ভুরুলিয়া</td><td>ভুরুলিয়া</td></tr><tr><td>২.</td><td>জনাব হাফিজুর রহমান, পিতা- আবুল কাশেম সরদার, মাতা- ছফুরা খাতুন, গ্রাম-রামজীবনপুর, পোঃ- নূরনগর</td><td>নূরনগর</td></tr><tr><td>৩.</td><td>জনাব শহিদুল ইসলাম, পিতা- জিয়াদ আলী গাজী, মাতা- ছফুরা খাতুন, গ্রাম- ছোট শ্যামনগর, পোঃ- নূরনগর</td><td>নূরনগর</td></tr><tr><td>৪.</td><td>জনাব বিষ্ণুপদ গায়েন, পিতা- শম্ভু চরণ গায়েন, মাতা- বিশাখা রানী, গ্রাম- যাদবপুর, পোঃ- শৈলখালী</td><td>কৈখালী</td></tr><tr><td>৫.</td><td>জনাব মোঃ নুরুল আলম, পিতা- আয়ুব আলী মোড়ল, মাতা- মোছাঃ রহিমা বিবি, গ্রাম- পুরাখালী, পোঃ- আজাদনগর</td><td>কৈখালী</td></tr><tr><td>৬.</td><td>জনাব হাবিবুল্যাহ, পিতা- নুরুল ইসলাম, মাতা- আমেনা বেগম, গ্রাম- ভেটখালী, পোঃ- ভেটখালী</td><td>রমজাননগর</td></tr></table></td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭. জনাব রাশিদুল হোসেন, পিতা- মৃত মোঃ আবু বাক্কার গাজী, মাতা- মোছাঃ ছকিনা খাতুন, পোঃ- হরিনগর — মুন্সীগঞ্জ<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নির্ত ইউনিয়ন সমূহে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর বিধিমালা ২০১৭ এর বিধি ৮ এর (১) অনুযায়ী গঠিত গ্রাম পুলিশ নিয়োগ বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে উল্লেখিত ব্যক্তিদের গ্রাম পুলিশ নিয়োগের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | | |
| ৫. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | ১. **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ১ম কিস্তির ২৯,৩২,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নের জন্য প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য অনরোধ করেন। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন অতি বৃষ্টিতে কৃষকরা ঠিকসময়ে ধান রোপন করতে পারেনি। পানি নিষ্কাশন ব্যবস্থা ভালো করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** অতি বৃষ্টিতে মৎস্য চাষীরা ক্ষতিগ্রস্থ হয়েছে। পানি নিষ্কাশন ব্যবস্থা ভালো হওয়া প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে চলতি মাসের ২৮-৩০ তারিখ সারাদেশে করেনা প্রতিষেধক গণটিকা কার্যক্রম শুরু হয়েছে। শ্যামনগর উপজেলায় প্রায় ২২ হাজার ডোজ টিকা প্রদান করা হবে। তিনি আরও বলেন আগামী ডিসেম্বর পরবর্তী সময়ে করেনার ৩য় ঢেউ আসতে পারে। এবিষয়ে সকলকে সর্তক হওয়ার জন্য অনুরোধ করেন। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সরকার বিভিন্ন খাদ্যশস্যের বরাদ্দ দিয়ে থাকেন। কিন্তু বর্তমান সময়ে খাদ্যশস্যের বিনিময়ে শ্রমিক পাওয়া যায়না। সেক্ষেত্রে বর্নিত খাদ্যশস্য বিক্রি করতে যেয়ে সরকারী অনেক আইনী জটিলতায় পড়তে হয়। এজন্য খাদ্য শস্যের পরিবর্তে নগত অর্থ প্রদান করা হলে কাজ সম্পন্ন করতে সুবিধা হয়। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষন করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, করেনা পরবর্তী সময়ে গত ১২ তারিখ হতে বিদ্যালয় সমূহে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। ৫ম শ্রেণীর প্রতিদিন পাঠদানসহ অন্যান্য শ্রেনীতে সপ্তাহে একদিন করে পাঠদান হচ্চে। শতকরা ৮৭% শিক্ষার্থী নিয়মিত ক্লাস করছে। | সরকারী সিদ্ধান্ত মেনে চলার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা নতুন যোগদানকৃত সমাজসেবা অফিসার বলেন যে, সমাজসেবা দপ্তরের সকর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান আছে। | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** ১২টি ইউনিয়নের টেস্টিং টিউবওয়েল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | ১২টি ইউনিয়নের টেস্টিং টিউবওয়ের স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তরে সেবা নিতে গিয়ে যেন কেউ হয়রানির শিকার না হয় সেজন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তার দৃষ্টি আর্কষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, সামাজিক বন বিভাগের কোন কাজের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার অবগত নয়। সরকারী বিধি অনুসরন পূর্বক দাপ্তরিক কাজের সাথে সমন্বয় করার জন্য সামাজিক বন বিভাগ কর্মকর্তার দৃষ্টি আর্কষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তার দৃষ্টি আর্কষন করা হয়। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন উপজেলার বিভিন্ন স্থানে বাঁধ মেরামতের কার্যক্রম চলমান আছে। কাজ নিয়মিত তদারকি করা হচ্ছে। ঝুকিপূর্ন্ন এলাকা চিহ্নিত করা হয়েছে।<br>সিদ্ধান্ত : সকল কাজের স্থানে প্রকল্পের সম্পন্ন বিবরণসহ সাইনবোর্ড প্রদানের জন্য অনুরোধ করা হয়। পানি উন্নয়ন বোর্ডের কোন কাজ ভেকু দিয়ে না করার জন্য সভায় সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় সকল কাজ ম্যানুয়ালি করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | চলমান রাখতে হবে। মাসিক সভায় তথ্য উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন গত মাসিক সভায় বিআরডিবি অফিস এবং দলিল লেখকদের নিকট থেকে ভাড়া প্রদানের বিষয়ে প্রতিবেদন পেশ করতে বলা হয়। তিনি সভায় বর্নিত বিষয়ে প্রতিবেদন পেশ করেন। | পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহন করা হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা আনসার ভিডিপি অফিস ঃ** অফিস কক্ষ বরাদ্দ প্রদানের জন্য বলেন। উপজেলা পরিষদের অভ্যন্তরে জমি প্রদান করা হলে আনসার ভিডিপি কমপ্লেক্স নির্মান করা হবে। | অফিস কক্ষ দ্রত বরাদ্দ প্রদান করা হবে। জমি গ্রহনের জন্য বিধি মোতাবেক নথি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | |

**বিবিধ আলোচনা**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, বর্তমান সরকার জনগনের দোড় গোড়ায় সেবা প্রদানের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন দপ্তরে সাধারন জনগন সেবা নিতে এসে যেন হয়রানির শিকার না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। একটি আধুনিক উপজেলা পরিষদ গঠনের জন্য তিনি উপজেলা পরিষদের সকল সদস্যের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। উপজেলা পরিষদের বিদ্যমান আইন, পরিপত্র অনুসরন পূর্বক সকল কাজ সম্পাদন করার জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।

০২। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান (পুরুষ) সভায় বলেন সম্প্রতি উপজেলার বিভিন্ন স্থানে চোরের উপদ্রব বেড়ে গেছে। এছাড়া অতি সম্প্রতি অতি বৃষ্টিতে সরকারী খালসমূহে নেট পাটা থাকার কারনে পানি নিষ্কাশন বাধাগ্রস্থ হচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষন করেন।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে **শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে** সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ১৭.১০.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,...........................................ইউ,পি(সকল),শ্যামনগর।

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com